# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

website : www.bmeb.gov.bd

নং রিক/নবায়ন/রংপুর-মিঠাপুকুর-২২৬/ ৭২৫/৭ তারিখঃ ১৪/৬/২০১৬খ্রিঃ।

## অফিস আদেশ

রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন শাল্টিপাড়া পীরস্থান দাখিল মাদরাসার দাখিল স্তরের স্বীকৃতির মেয়াদ নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে ০১-০১-২০১৪ হতে ৩১-১২-২০১৬ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য বৃদ্ধি করা হলো। মাদরাসার CODE NO-11550 ও EIIN-127653

**পালনীয় শর্তাবলীঃ-**

১. মন্ত্রণালয়ের নির্দেশ অথবা অন্য কোন ভাবে স্বীকৃতি স্থগিত বা বাতিল না হওয়া সাপেক্ষে মাদরাসা প্রধানের দরখাস্তের পরিপ্রেক্ষিতে দাখিল স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি করা হলো। মাদরাসাটির স্বীকৃতি স্থগিত বা বাতিল হয়ে থাকলে স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত এ অফিস আদেশ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।
২. পাঠাগারে অনূন্য ২০০০ খানা বই থাকতে হবে এবং বর্তমান নবায়ন মেয়াদে আরও ১০,০০০.০০ টাকার বই ক্রয় করতে হবে।
৩. মাদরাসার সকল শ্রেণীর চূড়ান্ত পরীক্ষার ফলাফলের গুণগত ও সংখ্যাগত মান সন্তোষজনক হতে হবে।
৪. মাদরাসায় সহশিক্ষা ব্যবস্থা চালু থাকলে ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৫. জনবল কাঠামোর নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী আগামী তিন মাসের মধ্যে বিদ্যমান সকল শুন্য পদে শিক্ষক/শিক্ষিকা এবং কর্মচারী নিয়োগ সম্পন্ন করতে হবে।
৬. শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন মোতাবেক সকল শর্ত পূরণ থাকতে হবে। অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৭. মাদরাসা বোর্ডের পাবলিক সমাপনী ৫ম, জেডিসি (৮ম) পরীক্ষায় অংশ গ্রহণ ও ফলাফল সন্তোষজনক হতে হবে।
৮. মাদরাসার স্তরভেদে ক্যাম্পাসে ২৫০ থেকে ৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
৯. প্রত্যেক শ্রেণীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
১০. বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি/ গভর্ণিং বডি গঠন করতে হবে/ থাকতে হবে।

১৪/৬/১৬

(মোঃ আবুল বাসার)
মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক,
শাল্টিপাড়া পীরস্থান দাখিল মাদরাসা
পোঃ শাল্টিগোপালপুর, উপজেলা-মিঠাপুকুর, জেলা- রংপুর।

নং রিক/নবায়ন/রংপুর-মিঠাপুকুর-২২৬/ ৭২৫/৭ তারিখঃ ১৪/৬/২০১৬খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ**

১. মহা-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. জেলা প্রশাসক, রংপুর।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৬. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৭. উপজেলা নির্বাহী অফিসার/সভাপতি, মিঠাপুকুর, রংপুর।
৮. রেকর্ড কিপার, মঞ্জুরী শাখা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংরক্ষণ কপি।

১৪/৬/১৬

(মোঃ হোসেন)
উপ-মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।